গাংনীতে ধান কেটে কৃষকের বাড়িতে পৌঁছে দিলেন স্বেচ্ছাসেবক লীগ

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামে স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীরা কৃষকের ধান কেটে বাড়িতে পৌঁছে দেওয়ার উদ্যোগ গ্রহণ করছেন।

গতকাল রোববার সকাল ১০ টার দিকে হাড়াভাঙ্গা দাড়ি পোড়ার মাঠে স্বেচ্ছাসেবক লীগের নেতাকর্মীরা খেজমত আলী নামক প্রবাসীর ধান কেটে বাড়িতে পৌঁছে দেয়।

এ সময় জেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল এনাম বকুল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ধানকাটা কার্যক্রমের উদ্বোধন করেন।

তিনি তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে বলেন, জননেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র নির্দেশে অসহায় গরীব চাষীদের ফসল তাদের ঘরে তুলে দেওয়ার যে
নির্দেশনা তারই ধারাবাহিকতায় স্বেচ্ছাসেবক লীগের সদস্যরা নিরলস ভাবে কাজ করে চলেছেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডক্টর সেফটি বক্স স্থাপন

মেহেরপুরের গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেবা নিতে আসা রোগীদের করোনা ও ডেঙ্গু রোগী সনাক্ত করার জন্য ডক্টরস সেফটি বক্স স্থাপন করা হয়েছে। স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগের সম্মুখে টিকিট কাউন্টারের সাথে চিকিৎসকদের জন্য সেফটি বক্স স্থাপন করা হয়।

গতকাল রবিবার দুপুরে মেহেরপুর সিভিল সার্জন নাসিরুদ্দীন প্রধান হিসেবে উপস্থিত থেকে সেফটি বক্সের উদ্বোধন করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা রিয়াজুল আলমের সভাপতিত্বে আবাসিক মেডিকেল অফিসার সাদিয়া সুলতানা, স্বাস্থ্য প্রকৌশল খুলনা বিভাগীয় তত্বাবধায়ক কাজী সামসুল আলম, কুষ্টিয়া আঞ্চলিক প্রকৌশলী জলিলুর রহমান, চুয়াডাঙ্গা আঞ্চলিক প্রকৌশলী গরেশ চন্দ্র সিংহ উপস্থিত ছিলেন।

সেফটি বক্সের মধ্যে থেকেই রোগীদের কোন স্পর্শ ছাড়ায় কথাবার্তা বলতে পারবেন এবং রোগীদের সকল ধরনের সেবা দিতে পারবেন। এতে চিকিসকদের চিকিৎসা দিতে কোন প্রকার আপত্তি থাকবে না। চিকিৎসক কিংবা রোগী সকলেই শতভাগ সুরক্ষিত থাকবেন। একই সাথে মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ বক্স স্থাপন ও উদ্বোধন করা হয়েছে।

মেহেরপুরে দু-জনের করোনা জয়ের গল্প

জাহাঙ্গীর হোসেন নিজের বাড়ি চুয়াডাঙ্গার আলমডাঙ্গাতে হলেও বসবাস করতেন মুজিবনগর উপজেলার বল্লবপুর গ্রামে। তিনি পেশায় একজন ব্রাককর্মী। গত ২২ এপ্রিল মেহেরপুরের প্রথম করোনা পজিটিভ হিসেবে তাকে সনাক্ত করা হয়। মাত্র ১৪ দিনেই মারাত্মক করোনা ভাইরাসকে প্রতিহত করে এখন তিনি পুরোপুরি সুস্থ্য।

গত ৮ মে মেহেরপুর জেলা স্বাস্থ্য বিভাগ জাহাঙ্গীর হোসেনের নুমুনা পাঠাই পরিক্ষার জন্য। সে পরিক্ষার রিপোর্ট নেগেটিভ আসে। নিশ্চিত হওয়ার জন্য পুনরায় নমুনা পাঠানো হলে সে রিপোর্টও নেগেটিভ আসে। পরপর দুইবার তার রিপোর্ট নেগেটিভ হওয়ায় মেহেরপুর জেলা স্বাস্থ্য বিভাগ জাহাঙ্গীরকে আনুষ্ঠানিক ভাবে সুস্থ্য ঘোষনা করে।

করেনা জয়ের গল্প শোনাতে গিয়ে জাহাঙ্গীর হোসেন বলেন, ২২ এপ্রিল

সেই সাথে যারা সুস্থ্য হয়েছেন তাদের স্বাস্থ্য বিধি মেনে চলাচল করার জন্য বলা হয়েছে। আমরা তাদের আনুষ্ঠানিক ভাবে সুস্থ্যতার ছাড়পত্র দিয়েছি।

চুয়াডাঙ্গার কুলপালায় সামাজিক দুরুত্ব বজায় রেখে ইফতার বিতরণ

চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা থানার ১৪ নং চিৎলা ইউনিয়ন কুলপালা গ্রামে, সামাজিক দূরত্ব বজায় রেখে ইফতারের আয়োজন করা হয়।

চিৎলা ইউনিয়ন আওয়ামী যুবলীগের যুগ্ন আহবায়ক জনাব শাহ্ আল ইমরানের উদ্যোগে গ্রামবাসী মাঝে সামাজিক দূরত্ব বজায় রেখে এই ইফতারের আয়োজন করেন।

প্রায় শতাধিক লোকের মাঝে এই ইফতারি বিতরণ করা হয়।

জীবননগরে তরমুজ ক্ষেত কেটে সাবাড়

পুর্ব শুত্রুতা মুলক ভাবে দিনে দুপুরে প্রান্তিক এক চাষীর ক্ষেতের প্রায় অর্ধ লক্ষ টাকার তরমুজ দিনে দুপুরে কে বা কাহারা কেটে সাবাড় করে দিয়েছেন। ঘটনাটি ঘটেছে জীবননগর উপজেলার হাসাদাহ ইউনিয়নের কাটাপোল গ্রামে।

জানাযায়, জীবননগর উপজেলার কাটাপোল গ্রামের বারেক মন্ডলের ছেলে সাইদুল ইসলাম পরের জমি বর্গা নিয়ে একটু লাভের আশায় অনেক কষ্ট করে তরমুজ চাষ করেছিলেন কিন্তুু তার ভাগ্যে তা আর সইলো না।

দিনের বেলাই কে বা কাহারা তার ক্ষেতের প্রায় ৫০ হাজার টাকার তরমুজ কেটে নষ্ট করে মাঠেই ফেলে রেখে গেছেন। এতে করে ঐ প্রান্তিক চাষী সাইদুল ইসলাম আর্থিক ভাবে চরম ক্ষতি গ্রস্থ হয়েছেন এমনকি তিনি মানুষিক ভাবে ভেঙ্গেও পড়েছেন।

সাইদুল ইসলাম জানান, আমি বিকালে ব্যাক্তিগত কাজে একটু বাজারে গিয়েছিলাম বাজার থেকে এসে আমার ক্ষেতে এসে দেখি কে বা কাহারা আমার এই ক্ষতি করেছেন।

তিনি বলেন, আমার সাথে গ্রামের কারোর কোন শুত্রুতা ছিল না তার পরো কেন আমার এই ক্ষতি করলো। তিনি তার এই ক্ষতির জন্য তদন্ত পুর্বক গ্রাম্ম্য মতোব্বরদের কাছে সুষ্ট বিচার দাবি করেছেন।

বিষয়টি নিয়ে অত্র ইউনিয়ন পরিষদের ইউপি সদস্য আতিকুজ্জামান (সন্টুর) সাথে কথা বললে তিনি বলেন যে, আমি বিষয়টি শুনেছি, কাজটি যারাই করুক না কেন তারা অত্যান্ত ন্যাক্কার জনক কাজটি করেছেন। আমি এই কাজের তিব্র নিন্দা ও প্রতিবাদ জানাই।

”বাড়ি মেহেরপুর” এর উদ্যোগে ঈদ উপহার বিতরণ

“সমাজের কল্যাণে মানবতার পাশে” প্রতিপাদ্য নিয়ে ফেসবুক গ্রুপ ভিত্তিক সামাজিক সংগঠণ ”বাড়ি মেহেরপুর” এর উদ্যোগে ১১২জনকে ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

রবিবার সকাল ১০টার সময় মেহেরপুর সদর উপজেলার মল্লিক পাড়ার মরহুম এডভোকেট রুস্তম আলীর বাড়িতে ফেসবুক গ্রুপ ভিত্তিক সামাজিক সংগঠণ ”বাড়ি মেহেরপুর” এর কার্যালয় থেকে সামাজিক ও শারীরিক দূরত্ব বজায় রেখেই ঈদ উপহার বিতরণ করা হয়।

উল্লেখ্য যে, গত মার্চ মাসেও করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধ উপলক্ষ্যে গরিব অসহায় ১০০জনকে ত্রাণ সহায়তা প্রদাণ করা হয়েছিল।

”বাড়ি মেহেরপুর” এর উদ্যোগে ঈদ উপহার বিতরণের সময় উপস্থিত ছিলেন- মোছাঃ নূরজাহান পারভীন, আসাদুজ্জামান খাঁন রাজ (এডমিন), তানভীর রহমান (মডেরেটর), সদস্য- নূর মোহাম্মদ খাঁন, রাজু আহাম্মদ, এম. এ মাবুদ, এম. সোহেল রানা, তুষার, সোহেল ইসলাম, মফিজুল ইসলাম প্রমুখ।

মেহেরপুরে দোকানপাট কাল থেকে বন্ধ

কাল থেকে আবার মেহেরপুরের দোকানপাট ও শপিংমল বন্ধ থাকবে। নিত্য প্রয়োজনীয় পন্য ও ওষুধের দোকান ব্যাতিত সব ধরণের ব্যবসা প্রতিষ্ঠান ও দোকানপাট বন্ধ করার ঘোষনা দিয়েছে জেলা প্রশাসক।

আজ রবিবার মেহেরপুর জেলা প্রশাসকের মিডিয়া সেল থেকে এ তথ্য নিশ্চিত করা হয়। জেলা প্রশাসক আতাউল গনি তার ফেসবুক পোষ্টে এ সংক্রান্ত একটি বিবৃতি দিয়েছেন।

ফেসবুক পোষ্টটি তুলে ধরা হলো: করোনা ভাইরাস প্রতিরোধে জেলা কমিটির সভায় মেহেরপুর জেলার জনসাধারণের স্বাস্থ্য ও জীবন রক্ষার লক্ষ্যে আগামীকাল ১৮.০৫.২০২০ খ্রি. হতে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নিত্য প্রয়োজনীয় দ্রব্যের দোকান ব্যতীত মেহেরপুর জেলার সকল দোকানপাট বন্ধ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে সেনাবাহিনীর

উদ্যোগে চিকিৎসা সেবা প্রদান

মেহেরপুরের গাংনী উপজেলায় বিনামূল্যে চিকিৎসাসেবা ও ওষুধ বিতরণ করেছে বাংলাদেশ সেনাবাহিনী।

৪০ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারির অধিনায়ক লে. কর্ণেল ফখরুদ্দিনের নেতৃত্বে আজ রোববার সকাল থেকে গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ প্রাঙ্গনে এ মেডিকেল ক্যাম্প শুরু হয়।

ক্যাপ্টেন রাকিব, মেডিকেল অফিসার ক্যাপ্টেন মোবাশ্বেরসহ সেনাবাহিনীর সদস্যরা এ মেডিকেল ক্যাম্প পরিচালনা করেন। এলাকার বিভিন্ন প্রকার শতাধিক রোগী এখানে সেবা গ্রহণ করেন। এছাড়াও স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য বিভিন্ন স্থানে চেকপোস্টের মাধ্যমে জনসচেনতা সৃষ্টিতে কাজ করেন সেনাবাহিনীর সদস্যরা।

গাংনীতে এসএসসি ২০১৭ ব্যাচের উদ্যোগে ঈদ উপহার বিতরণ

মেহেরপুরের গাংনীতে এসএসসি ২০১৭ ব্যাচের উদ্যোগে দুস্থ পরিবারের মাঝে ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

গত শনিবার দিবাগত রাতে অসহায় পরিবারের বাড়ি বাড়ি গিয়ে এই এই খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

গাংনীর ২০১৭ ব্যাচের কিছু তরুনের হাত খরচের টাকা দিয়ে ঈদ উপহার গুলো কেনা হয়।

ঈদ উপহারের তালিকায় যা যা ছিল, পোলাও চাল ১ কেজি, সেমাই ১ প্যাকেট, ময়দা ১ কেজি, আলু ১ কেজি, চিনি ৫শ গ্রাম, দুধ ২ প্যাকেট, তেল ৫শ গ্রাম ও মশলা ১ প্যাকেট।
মেপ্র/এমএফআর

[redacted]

[redacted]